

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
প্রশাসন অধিশাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০১৫.৩১.০৪৯.১০. ৩০২৬

তারিখ : ১৪ সেপ্টেম্বর ২০১৭

প্রজ্ঞাপন

গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৭(১) অনুযায়ী গণ কর্মকর্তা/ কর্মচারীর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে অবসরোত্তর ছুটিতে গমন করবেন। সে অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা জনাব শামীম আরা বেগম-এর এস,এস,সি, সনদ অনুযায়ী জন্মতারিখ ১৬ নভেম্বর ১৯৫৮ হওয়ায় বিধি মোতাবেক তিনি ১৫ নভেম্বর ২০১৭ অবসরোত্তর ছুটিতে গমন করবেন। অর্থ বিভাগের ৬ এপ্রিল ২০১০ তারিখের ৬২ নং প্রজ্ঞাপন অনুযায়ী ৫৯ বছর পূর্তিতে দিনটি সংশ্লিষ্ট গণ কর্মকর্তা/ কর্মচারীদের অবসর গ্রহণের দিন হিসেবে গণ্য হবে। সে পরিপ্রেক্ষিতে ১৫ নভেম্বর ২০১৭ অকর্ম দিবস (Non-working day) গণ্য করে জনাব শামীম আরা বেগম-কে ১৬ নভেম্বর ২০১৭ হতে তাঁর অবসরোত্তর ছুটি গমনের তারিখ নির্ধারণ করা হলো।


২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা কর্তৃক প্রদত্ত ছুটির প্রত্যয়ন অনুসারে দেখা যায় তাঁর ১৬ নভেম্বর ২০১৭ হতে ১৫ নভেম্বর ২০১৮ পর্যন্ত ১২ (বার) মাসের অর্জিত ছুটি এবং উক্ত ছুটি ব্যতীত গড় বেতনের ১৮ (আঠার) মাসের অর্জিত ছুটি পাওনা আছে।

৩। এ প্রেক্ষিতে প্রশাসনিক কর্মকর্তা জনাব শামীম আরা বেগম-কে ১৬ নভেম্বর ২০১৭ হতে ১৫ নভেম্বর ২০১৮ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনের অবসরোত্তর ছুটি মঞ্জুর করা হলো।

৪। জনাব শামীম আরা বেগম-এর মূল বেতন ৩৮,৮৯০ (আটত্রিশ হাজার আটশত নব্বই) টাকা। সে অনুযায়ী বিধি মোতাবেক জনাব শামীম আরা বেগম-এর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৩৮,৮৯০x১৮=) ৭,০০,০২০ (সাত লক্ষ বিশ) টাকা নগদায়ন ভাতা (ল্যাম্পথ্যান্ট) মঞ্জুরির আদেশ জারী করা হলো।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(নাসরীন মুক্তি)

উপসচিব (প্রশাসন)

ফোন: ৪৪৯৩৪৯৩১৪

বিতরণ সদয় কার্যার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১ মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ২ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩ সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪ উপসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৫ উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৭ হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৮ সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯ জনাব শামীম আরা বেগম, প্রশাসনিক কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১০ অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।